

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ০৮ জানুয়ারি, ২০২৩খ্রি.


প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ০৮/০১/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ রোজ রবিবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব উম্মে সালিক রুমাইয়া এর নেতৃত্বে "মামা হালিম" কলাবাগান, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে প্রতিষ্ঠানটি তাদের রেস্টোরাঁ নিবন্ধন সনদ, ফায়ার লাইসেন্স, কর্মচারীদের স্বাস্থ্য সনদ এবং পেস্ট-কন্ট্রোল প্রদর্শনে ব্যর্থ হয়। প্রতিষ্ঠানটির রান্নাঘরে অত্যন্ত নোংরা পরিবেশ এবং ফ্রিজে প্রচুর পরিমাণে লেবেলবিহীন খাদ্য মজুদ করতে দেখা যায়। "মামা হালিম" কর্তৃপক্ষকে এর আগেও নিরাপদ খাদ্য আইনে সিলগালা এবং জরিমানা করা হয়েছিল। "মামা হালিম" কর্তৃপক্ষকে তাদের ভুল-ত্রুটি সংশোধন এবং রান্নাঘরের পরিবেশ ঠিক করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছিল "মামা হালিম" কর্তৃপক্ষও সংশোধন হবে এবং নির্দেশনা মেনে চলবে বলে অঙ্গীকার করেন। কিন্তু এখন পর্যন্ত তাদের কোন ধরনের সংশোধন পরিলক্ষিত হয় নি। এ সকল অপরাধে "মামা হালিম" কর্তৃপক্ষকে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী মালিকের নামে নিয়মিত মামলা দায়ের করা হয়।

ঘটনাস্থলে "মামা হালিম" কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয়, নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয় এবং সকল ভুল সংশোধন করে প্রতিষ্ঠানটি পরিচালনা করার নির্দেশ প্রদান করা হয়।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য পরিদর্শক মাহমুদুল হাছান আনচারী, বাংলাদেশ নিরাপদ খাদ্যের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটেলিয়ন আনসার সদস্যবৃন্দের একটি টোকস টিম উপস্থিত ছিলেন।


(ড. সহদেব চন্দ্র সাহা)
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ
ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd
ফোনঃ ২২২২২৩৪৮১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।